



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/এইচএসসি/২০২১/২৬১

তারিখঃ ১৩ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়টি অতীব জরুরি

২০২০ সালের এইচএসসি পরীক্ষার্থীদের প্রতি নির্দেশাবলী

চলমান বৈশ্বিক অতিমারি (Pandemic) কোভিড-১৯ ভাইরাসজনিত কারণে ২০২০ সালে অনুষ্ঠিতব্য উচ্চমাধ্যমিক পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি বিধায় সংশ্লিষ্ট সকলকে সরকারি স্বাস্থ্যবিধি মেনে ফলাফল সংগ্রহ করতে হবে।

০১. এ বছর এইচএসসি পরীক্ষা-২০২০ এর ফলাফল অনলাইনে প্রকাশিত হবে। পরীক্ষা কেন্দ্রে অথবা শিক্ষা প্রতিষ্ঠানে কোনো ফলাফল প্রেরণ করা হবে না। কাজেই, কোনো অবস্থাতেই ফলাফল প্রকাশের দিন শিক্ষা প্রতিষ্ঠানে জমায়েত হওয়া যাবে না।

০২. যারা SMS এর মাধ্যমে ফলাফল পেতে ইচ্ছুক তাদেরকে ফলাফল প্রকাশের পূর্বেই নিম্নোক্ত পদ্ধতিতে প্রি-রেজিস্ট্রেশন করতে হবে:

HSC<>Board name (First 3 letter) <> Roll<>2020 টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে।

উদাহরণঃ HSC BAR 150000 2020 Send to 16222

ফলাফল প্রকাশের সাথে সাথেই প্রি--রেজিস্ট্রেশনকৃত পরীক্ষার্থীদের মোবাইল নম্বরে তাদের ফলাফল পৌঁছে যাবে।

০৩. Teletalk website (www.educationboardresults.gov.bd) ফলাফল দেখা যাবে।

০৪. বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট (www.barisalboard.gov.bd) থেকে ফলাফল জানা যাবে এবং

এন্ড্রয়েট মোবাইল ফোনে Google Apps (barisal board) এর মাধ্যমে ফলাফল দেখা যাবে।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

Quen
24.03.2021,

অরুণ কুমার গাইন

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০৪৩১-৬৪০৮৫